

# সমকাল

## এক মাস পেছাল বুয়েটের ভর্তি পরীক্ষা

১০ ঘণ্টা আগে

### সমকাল প্রতিবেদক

করোনা পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২০-২১ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আরও এক মাস পেছানো হয়েছে। নতুন তারিখ অনুযায়ী দুই ধাপের প্রাক-নির্বাচনী পরীক্ষা ৩১ মে ও ১ জুনের পরিবর্তে ৩০ জুন ও ১ জুলাই এবং চূড়ান্ত ভর্তি পরীক্ষা ১০ জুনের পরিবর্তে ১০ জুলাই অনুষ্ঠিত হবে।

গতকাল মঙ্গলবার একাডেমিক কাউন্সিলের সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়েছে বলে সাংবাদিকদের জানান বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ফোরকান উদ্দিন। বুয়েটের উপাচার্য অধ্যাপক সত্য প্রসাদ মজুমদারের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

রেজিস্ট্রার জানান, কভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্যবিধি মেনে চার শিফটে ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে প্রথমে প্রাক-নির্বাচনী পরীক্ষা নেওয়া হবে। পরীক্ষায় সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত ছয় হাজার শিক্ষার্থীকে মূল পরীক্ষার জন্য বেছে নেওয়া হবে।

© সমকাল ২০০৫ - ২০২১

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :  
+৮৮০১৯১১০৩০৫৫৭, +৮৮০১৯১৫৬০৮৮১২ | ই-মেইল: samakalad@gmail.com

